

প্রেস রিলিজ

৮ ফেব্রুয়ারি ২০২৪

বাউবি ও অনলাইন এন্টারপ্রেনারস এসোসিয়েশনের মধ্যে আলোচনা সভা



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ অনলাইন এন্টারপ্রেনারস এসোসিয়েশন যৌথভাবে কোন কোন ক্ষেত্রে কিভাবে কাজ করতে পারে সে সম্পর্কিত এক আলোচনা সভা ০৮ ফেব্রুয়ারি ২০২৪ বৃহস্পতিবার সকাল সাড়ে ১০ টায় বাউবি গাজীপুরস্থ উপাচার্যের কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার এই আলোচনা সভার সভাপতিত্ব করেন। বাংলাদেশ অনলাইন এন্টারপ্রেনারস এসোসিয়েশন এর সভাপতি মোস্তারি মোরশেদ স্মৃতি ও তার দল এ সময় উপস্থিত ছিলেন। এ সময় তারা তাদের কাজের পরিধিসহ বিস্তারিত কার্যক্রমের উপর প্রেজেন্টেশন তুলে ধরেন। সভায় বাউবির উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম, সকল স্কুলের ডিন, সংশ্লিষ্ট পরিচালক ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

বৈদ্য

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)